

AP-2
26/9/20

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.১০১.০১১.০০.০০.০৪৭.২০১৪. ২৬৫

তারিখ : ২৬/০৭/২০১৬ খ্রিঃ।

বিষয় : রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ওয়ে) পদের ১ ঘন্টা ব্যাপী MCQ পদ্ধতির বাছাই পরীক্ষা অনুষ্ঠান প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ওয়ে) পদের ১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ পদ্ধতির বাছাই পরীক্ষা আগামী ১৯/০৮/১৬ খ্রিঃ তারিখ শুক্রবার সকাল ১০ টা থেকে ১১ টা পর্যন্ত নিম্নলিখিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে :

ক্রমিক নং	কেন্দ্রের নাম	রেজিঃ নম্বর	পরীক্ষার তারিখ, দিন ও সময়
১)	শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।	০০০০০১- ০০১৫৭৪ পর্যন্ত মোট ১৫৭০ জন।	১৯/০৮/১৬ খ্রিঃ শুক্রবার সকাল ১০ টা থেকে ১১ টা পর্যন্ত
২)	শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।	০০১৫৭৫-০০৩৫১৬ পর্যন্ত মোট ১৫৭৬ জন।	

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

পরীক্ষার তারিখ, দিন ও সময়	নির্ধারিত সময়	পরীক্ষার্থীদের করণীয় কাজ
১৯/০৮/১৬ খ্রিঃ শুক্রবার সকাল ১০ টা থেকে ১১ টা পর্যন্ত	সকাল ৯.১৫ মিঃ	পরীক্ষার্থীগণ নির্ধারিত হলে নিজ নিজ কক্ষে প্রবেশ করবেন।
	সকাল ৯.২০ মিঃ	পরীক্ষার্থীগণকে উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালো বলপয়েন্ট কলম দিয়ে লিখবেন এবং স্বাক্ষর করবেন। উত্তরপত্রের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বলপেন দিয়ে ভরাট করবেন। পরীক্ষার্থীগণ হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র খুলে টেবিলের উপর রাখতে হবে; কারন পরিচিতি প্রতিপাদন করে তাদের প্রার্থীতা যাচাই করা হবে।
	সকাল ১০.০০টা	পরীক্ষার্থীগণকে প্রশ্নপত্র দেয়া হবে এবং মূল পরীক্ষা শুরু হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে প্রশ্নের সেট নম্বর লিখবেন এবং সেট নম্বরের জন্য নির্ধারিত বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করবেন। অতঃপর উত্তর দান শুরু করবেন। সেট নম্বর না লিখলে উত্তরপত্র বাতিল হবে।
	সকাল ১১.০০ টা	পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। প্রশ্নপত্র পরীক্ষার্থীগণ নিয়ে যাবেন। পরীক্ষা শেষ হবার ঘন্টা বাজার পর কোন প্রার্থী আর কোন প্রশ্নের উত্তরদানের চেষ্টা করবেন না; অন্যথায় পরীক্ষা বাতিল হবে।

- (১) পরীক্ষার্থীদের রেজিঃ নম্বর ৬ (ছয়) ডিজিট সম্বলিত। কোন প্রার্থীর রেজিঃ নম্বর ৬ (ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর/ঘরগুলো শূন্য দিয়ে পূরণ করে রেজিঃ নম্বরের ডিজিট সমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের প্রযোজ্য বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করবেন। কোন প্রার্থীর প্রবেশপত্রে প্রদত্ত রেজিঃ নম্বর অস্পষ্ট হলে তা কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, ঢাকা হতে যথা সময়ে সঠিকভাবে জেনে নিতে হবে। প্রার্থীরা এ সংক্রান্ত অতিরিক্ত তথ্য কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd থেকে পেতে পারেন।
- (২) প্রার্থীদের প্রবেশপত্রে যাই লেখা থাকুক না কেন সকাল ৯ টা ৪৫ মিনিটের পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।
- (৩) প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থী পুনরায় প্রবেশের অভিপ্রায়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না

৪১১০

- (৪) প্রার্থীদের বাছাই পরীক্ষার প্রবেশপত্র ইতোমধ্যে ডাকযোগে প্রেরণ করা হয়েছে। কোন প্রার্থী প্রবেশপত্র না পেয়ে থাকলে কিংবা প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে অথবা যুক্তি সঙ্গত কারণে বিনষ্ট হলে সংশ্লিষ্ট থানায় জি,ডি করে তার কপিসহ আগামী ১৭ ও ১৮ আগস্ট ২০১৬ তারিখে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক (ইউনিট-১) থেকে অফিস চলাকালীন সময়ে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
- (৫) পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (স্যান্ডিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। কিন্তু বইপুস্তক, ব্যাগ, কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র কোনক্রমেই সাথে আনা বা ব্যবহার করা যাবে না।
- (৬) এ পরীক্ষায় যে কোন রকম অসদুপায় অবলম্বনের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিস্কার করা হবে। কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরনের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। এছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত পরীক্ষার্থীকে সোপর্দ করা হবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে



২০/৮
১৮.০৭.২০১৬
(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), (যুগ্ম-সচিব)